



পশ্চিমবঙ্গ সরকার জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর

বাংলার চাষীভাইদের আর্থ সামাজিক উন্নয়নের স্বার্থে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রকাণ্ড উদ্যোগে ক্ষুদ্র সেচের জল ব্যবহারের নির্ধারিত জলকর সম্পূর্ণ রূপে মুকুব করা হলো।

বর্তমানে বিভিন্ন প্রকার চাষের জন্য সরকার পরিচালিত ক্ষুদ্র সেচ প্রকল্প থেকে প্রাপ্ত জলের জন্য যে ১৭ টাকা প্রতি একর ইঞ্চি হারে সরকারি জলকর দিতে হতো তা আর লাগবে না।

এই উদ্যোগের জন্য বাংলার চাষী ভাইদের প্রতিবৎসর আনুমানিক ৪৫ কোটি টাকা সাধারণ হবে। এর ফলে ৯৯৬৫ টি ক্ষুদ্র শেষ প্রকল্পের অধীনে আনুমানিক ৩.০৬ লক্ষ হেক্টার কৃষিজমিতে চাষ আবাদকরী প্রায় ১০.৬৬ লক্ষ কৃষক বন্ধু উপকৃত হবেন।

১) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর থেকে মূলত রাজ্য ব্যবহারযোগ্য জলসম্পদ দেখাশোনা এবং ভূ-গর্ভস্থ জলের পাশাপাশি ভূ-পৃষ্ঠস্থ জলসম্পদের জন্য উপযোগী বিভিন্ন ক্ষুদ্র সেচ প্রকল্প নির্মাণ করা হয়।

২) ক্ষুদ্র সেচ প্রকল্প গুলি হল:

- বিভিন্ন ক্ষমতা সম্পন্ন নলকৃপ (সেচ সেবিত এলাকা ১৫ - ১০০ একর)
- বিভিন্ন ক্ষমতা সম্পন্ন নদী জল উত্তোলন সেচ প্রকল্প (সেচ সেবিত এলাকা ৫০ - ২০০ একর)
- অনুসেচ প্রকল্প যথা- বিন্দুপাতন (ড্রিপ), ফোয়ারা সেচক যন্ত্র (স্প্রিংকলার) ও হাইড্রাম (সেচ সেবিত এলাকা ৫ - ৮ একর)

- উন্মুক্ত / পাম্পযুক্ত কৃপসমূহ (সেচ সেবিত এলাকা ২.৫ - ১০ একর)
- পুষ্টরিণী, জলাশয় ও জলাধার খনন ও পুনঃখনন (পরিস্থিতি অনুযায়ী)
- অর্গল বাঁধ (চেক ড্যাম) (পরিস্থিতি অনুযায়ী)

৩) পশ্চিমবঙ্গ সরকারের এই প্রকল্প গুলির সুবিধা নিতে অথবা এই সম্পর্কে বিশদে জানতে নিকটবর্তী জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের সহকারী বাস্তুকার বা নির্বাহী বাস্তুকারের অফিসে যোগাযোগ করার জন্য চাষী ভাইদের অনুরোধ করা হচ্ছে।

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের ওয়েবসাইট -
<https://www.wbwrid.d.gov.in>

এই জেলায় যোগাযোগের ঠিকানা: